



<b>বাংলাদেশ পঞ্জী উন্নয়ন একাডেমি</b> <b>কোটবাড়ী, কুমিল্লা</b>	 <b>তারিখ: ২৭/০৮/২০১৮ খ্রিস্টাব্দ</b>
<b>গাছ বিক্রির বিজ্ঞপ্তি</b>	
<p>বাংলাদেশ পঞ্জী উন্নয়ন একাডেমি (বার্ড) কোটবাড়ী, কুমিল্লা-এর ( সেগুন ৯টি + মেহগনি ০১টি+ অর্জুন ০১টি + শিলকড়াই ০৩টি + কৃষ্ণচূড়া ০৮টি + বনালিয়া ০৩টি + কাঠাল ০৩টি + বাজনা ০২টি + রেহান্তি ০১টি + আম ০৫টি)= ৩৬ গাছ বিক্রির জন্য নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। আগস্টি ১০/০৬/২০২০ খ্রি। তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে ১:০০ ঘটিকা পর্যন্ত দরপত্র জমা দেয়া যাবে। নিলাম দরপত্র সংক্রান্ত তথ্যাবলী বার্ডের Website: <a href="http://www.bard.gov.bd">www.bard.gov.bd</a> এ পাওয়া যাবে।</p>	
 <b>(ড. মোঃ শফিকুল ইসলাম)</b> <b>পরিচালক (প্রশাসন)</b>	

### নিলামের শর্তাবলি :

- ১। জামানত হিসেবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পরিচালক (প্রশাসন), বার্ড-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- ২। দরপত্র নিলামে অংশগ্রহণেরপূর্বে নিলামযোগ্য গাছ সরেজমিনে দেখার জন্য বার্ডের বাগান শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে। নিলাম কার্য সম্পন্ন হওয়ার পর গাছের অবস্থা, আকার ও কাঠের পরিমাণ সম্পর্কীয় কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৩। সফল নিলামকারী কর্তৃক নিলামকৃত গাছ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থা থেকে কার্যাদেশে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে নিজস্ব খরচে কেটে নিয়ে যেতে হবে। উল্লিখিত সময়ের পর এতদ্বিষয়ে নিলামকারী বা তার নিযুক্ত লোকজনের বার্ড ক্যাম্পাসে অবস্থান বা চলাফেরা গ্রহণযোগ্য হবে না।
- ৪। সর্বোচ্চ নিলাম দরদাতাকে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ সাপেক্ষে নিলাম মূল্যের সম্পূর্ণ টাকা তিন দিনের মধ্যে বাগান শাখায় নগদ জমা দিয়ে গাছ বুরো নিতে হবে।
- ৫। সফল নিলামকারী কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে নিলাম মূল্যের সম্পূর্ণ টাকা জমা দিতে ব্যর্থ হলে বা গাছ নিতে অঙ্গীকৃতি জানালে জামানত বাবদ প্রদত্ত অর্থ বাজেয়াও করা হবে।
- ৬। কৃতকার্য দরদাতা কর্তৃক নিলামকৃত গাছ কাটা ও নেয়ার সময় পাশ্ববর্তী গাছ ও ছাপনার কোন ক্ষতি করা যাবে না। যদি কোন গাছ বা ছাপনার ক্ষতিসাধন হয় তাহলে নিলাম গ্রহীতা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
- ৭। সরকারি নিয়মানুযায়ী কৃতকার্য দর দাতাকে তাঁর উদ্ধৃত মোট মূল্যের উপর ৭.৫% হারে অর্থিম ভ্যাট ও ৪% হারে আয়কর জমা দিতে হবে।
- ৮। সফল দরদাতা কর্তৃক নিলাম মূল্যের সমুদয় অর্থ পরিশোধ সাপেক্ষে নিলামকৃত গাছ একাডেমি কর্তৃক নিলামগ্রহীতার নিকট হস্তান্তরের পর বিক্রিত গাছ কর্তনের ব্যাপারে একাডেমির কোন দায়-দায়িত্ব থাকবে না এবং এ ব্যাপারে নিলামগ্রহীতার কোন আপত্তি/অভিযোগও গ্রহণযোগ্য হবে না।
- ৯। বিক্রিত গাছ পাহারা বা কর্তনের ক্ষেত্রে নিয়োজিত কোন ব্যক্তির উচ্চজ্ঞলতা, অসামাজিক বা অশোভন কার্যকলাপ কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। এরপে কোন কার্যকলাপ পরিলক্ষিত হলে একাডেমি কর্তৃপক্ষ যে কোন ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।
- ১০। কৃতকার্য দরদাতা কর্তৃক গাছ কর্তন করার পর মজুদ রাখার জন্য বার্ড ক্যাম্পাসে কোন ঘর/গোড়াউন দেয়া হবে না।
- ১১। গাছ কর্তনের সময় একাডেমির কোন কর্মকর্তা/কর্মচারী বা ক্যাম্পাসে বসবাসকারী কারো সাথে নিলামগ্রহীতার কোন বিরোধ দেখা দিলে তা তাৎক্ষণিকভাবে বার্ড কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। কিন্তু কোন অবস্থাতেই নিলামগ্রহীতা সরাসরি বিরোধে জড়িত হতে পারবে না।
- ১২। বর্ণিত শর্তাদি ভঙ্গের দায়ে নিলামকৃত গাছ সম্পূর্ণ বা আংশিক বাজেয়াওসহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষমতা একাডেমি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১৩। একাডেমি কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন সময় উক্ত নিলাম বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৪। আগ্রহী দরদাতাগণ দরপত্র সিডিউল এষ্টেট-কাম-ষ্টোর অফিসার, বার্ড এর নিকট হতে নগদ ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ১০/০৬/২০২০ ইং তারিখের মধ্যে ব্যক্তিগতভাবে অফিস চলাকালীন সময়ে ক্রয় করতে পারবেন।
- ১৫। বর্ণিত শর্তাদি বহিভূত কোন সমস্যার উভে হলে বার্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
**পরিচালক (প্রশাসন)**